

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা

স্মারক নং- ৩৮.০০৮.০১১.০০.০০.০০৬.২০১৩ (অংশ-২)-৪৭১

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগষ্ট ২০১৯

পরিপত্র

চলমান ডেঞ্জু পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ সকল প্রকার কার্যক্রম অব্যাহত রেখেছে। এর ধারাবাহিকতায় দেশের প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ডেঞ্জু প্রতিরোধের জন্য সর্বাঙ্গিক চেষ্টা চালিয়ে যাচ্ছে। পবিত্র ঈদ-উল আযহার সরকারি ছুটি উপলক্ষে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ৮ দিন বন্ধ থাকবে। স্বভাবতই এ সময়ে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীগণ উপস্থিত থাকবেন না। এ সময়ে খেলার মাঠ, ফুলের টব এবং যে কোন পাত্রে পানি জমে এডিস মশার প্রজনন প্রক্রিয়া আরও বেগবান হয়ে উঠতে পারে। এতে ডেঞ্জু প্রতিরোধে সরকার কর্তৃক গৃহিত কার্যক্রম ব্যাহত হয়ে ডেঞ্জুর অধিক বিস্তার হওয়ার আশঙ্কা রয়েছে।

২.০ এমতাবস্থায়, পবিত্র ঈদ-উল আযহার ছুটিকালে এডিস মশার প্রজনন রোধে দেশের সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- ২.১ ঈদ-উল-আযহার ছুটির সময়ে একজন শিক্ষক এর নেতৃত্বে কর্মচারী, কাব স্কাউট, গার্লস গাইড, স্টুডেন্ট কাউন্সিল এবং শিক্ষার্থী সমন্বয়ে ৬ জন থেকে ১০ জনের টিম গঠন করে শিক্ষা প্রতিষ্ঠান এবং এর আশেপাশে যে সব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন ফুলের টব, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার ট্রে, বাথরুমের পানির বদনা, পানির বালতি, হাইকমোড, লোকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ দিন অন্তর অন্তর পরিষ্কার করতে হবে।
- ২.২ বাথরুমের বদনা এবং বালতি পানি শূন্য করে উল্লিঙে রাখতে হবে। হাইকমোড হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে। বাথরুমের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।
- ২.৩ কোন জায়গায় জমাটবদ্ধ পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমাটবদ্ধ পানি নিষ্কাশন করতে হবে।
- ২.৪ আগামী ১২-১৩ আগস্ট, ২০১৯ ব্যতীত প্রত্যহ শিক্ষা প্রতিষ্ঠানের অফিস কক্ষ খোলা রাখতে হবে।
- ২.৫ রোস্টার ডিউটির মাধ্যমে প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২.৬ ডেঞ্জু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভার এ সংক্রান্ত টিমে নিয়োজিত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের কেউ ঈদের ছুটিতে গেলে তদস্থলে উপযুক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।
- ২.৭ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২১ জুলাই ২০১৯ তারিখের ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৬.২০১৯-১২০৫ সংখ্যক স্মারকে জারিকৃত পত্রের নির্দেশনা অব্যাহত থাকবে।

স্বাক্ষরিত/-

তারিখঃ ০৭/০৮/২০১৯

(মো: আকরাম-আল-হোসেন)


সচিব

স্মারক নং- ৩৮.০০৮.০১১.০০.০০.০০৬.২০১৩ (অংশ-২)-৪৭১

তারিখঃ ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগষ্ট ২০১৯

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১০. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৩. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১৬. পিটিআই সুপার (সকল)।
১৭. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা (সকল)।
১৮. অফিস কপি।


০৭/০৮/১৯
(ড. মো: মাহবুবুর রশীদ)
উপসচিব